

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর  
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩  
৩৭/৩/এ, ইফটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০  
[www.dme.gov.bd](http://www.dme.gov.bd)

স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০৫.০৪.০১১.১৮- ২০৬

তারিখঃ- ২৫-০৬-২০১৮ খ্রিঃ।

বিষয়ঃ মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং-৩৬৫৭/২০১৫ মামলার আদেশের আলোকে কর্তৃপক্ষের নির্দেশ প্রতিপালন না করে গোপালগঞ্জ জেলার কোটালীপাড়া উপজেলাধীন পূর্ব উত্তর কোটালীপাড়া দারুলছল্লাহ ছালেহিয়া ফাজিল মাদরাসার সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ, জনাব মোঃ আনওয়ার হোসেন খানকে পূর্ণ বেতন ভাতাদি (এমপিও) প্রদান না করায় তাঁর (ভারপ্রাপ্ত অধ্যক্ষ) বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্রঃ (১) সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ এর ১০-০৫-২০১৮ খ্রিঃ তারিখের আবেদন।

(২) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং- ৫৭.০০.০০০০.০০০.০৪.০০১.১৭-৮৬, তারিখঃ ১২.১১.১৭ খ্রিঃ।

(৩) মাদরাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০৪.০৪.০০১.১৭.৪, তারিখঃ ২৬.০৯.১৭ খ্রিঃ।

(৪) মাদরাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০৫.০৪.০১১.১৭-৫৫, তারিখঃ ০১-০৩-২০১৮ খ্রিঃ।

(৫) মাদরাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০৫.০৪.০১১.১৭-৯৭, তারিখঃ ২৯-০৩-২০১৮ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, গোপালগঞ্জ জেলার কোটালীপাড়া উপজেলাধীন পূর্ব উত্তর কোটালীপাড়া দারুলছল্লাহ ছালেহিয়া ফাজিল মাদরাসার সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ, জনাব মোঃ আনওয়ার হোসেন খানকে গত ০২-০৩-২০১৭ খ্রিঃ তারিখে সাময়িক বরখাস্ত করা হয় মর্মে আবেদনকারীর আবেদন থেকে জানা যায়।

০২. মহামান্য হাইকোর্টের রায়ের আলোকে সূত্রে বর্ণিত ০২ ও ০৩ নং স্মারক অনুযায়ী বেসরকারি কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের কোন শিক্ষক/কর্মচারীকে ৬০(ষাট) দিনের বেশী সাময়িক বরখাস্ত রাখা হলে তিনি পূর্ণ বেতন ভাতাদি (এমপিও) প্রাপ্য হবেন মর্মে নির্দেশনা জারী করা হয়েছে।

০৩. সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ, জনাব মোঃ আনওয়ার হোসেন খান কর্তৃক উপস্থাপিত কাগজ পত্র পর্যালোচনায় দেখা যায় যে, তাঁকে (জনাব মোঃ আনওয়ার হোসেন খান) ০২-০৩-২০১৭ খ্রিঃ তারিখে সাময়িক বরখাস্ত করায় তাঁর সাময়িক বরখাস্তের মেয়াদ ৬০(ষাট) দিনের বেশী হয়েছে বিধায় অধ্যক্ষ হিসেবে জনাব মোঃ আনওয়ার হোসেন খান তাঁর পদের পূর্ণ বেতন ভাতাদি (এমপিও) মহামান্য হাইকোর্টের নির্দেশনা অনুযায়ী পাওয়ার আইনগত অধিকারী।

০৪. সূত্রে বর্ণিত ০৪ ও ০৫ নং স্মারকের মর্ম মতে মহামান্য হাইকোর্টের রায় বাস্তবায়নের নিমিত্ত বর্ণিত মাদরাসার সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ, জনাব মোঃ আনওয়ার হোসেন খানকে পূর্ণ বেতন ভাতাদি (এমপিও) প্রদান করার জন্য এ যাবৎ ০২ বার ভারপ্রাপ্ত অধ্যক্ষকে নির্দেশনা দেয়া হয়েছে। নির্দেশনা দেয়া সত্ত্বেও ভারপ্রাপ্ত অধ্যক্ষ কর্তৃক উক্ত নির্দেশনা বাস্তবায়ন করা হয়নি।


০৫. বর্ণিত মাদরাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষ কর্তৃক সরকারী নির্দেশনা প্রতিপালন না করায় ২৪/০৩/২০১৩ খ্রিঃ তারিখে জারীকৃত জনবল কাঠামো এর ১৮(১)(খ) অনুচ্ছেদ অনুযায়ী কেন তাঁর (ভারপ্রাপ্ত অধ্যক্ষ) বেতন ভাতাদির সরকারী অংশ স্থগিত, কর্তন, বাতিলকরণ করা হবে না এ বিষয়ে তাঁর ব্যাখ্যা জানা আবশ্যিক। ২৪-০৩-২০১৩ খ্রিঃ তারিখে জারীকৃত জনবল কাঠামোর ১৮(১)(খ) অনুচ্ছেদে নিম্নরূপ নির্দেশনা দেয়া হয়েছেঃ

সরকার বা সরকার কর্তৃক নির্ধারিত কর্তৃপক্ষের নির্দেশনা প্রতিপালন না করলে শিক্ষা মন্ত্রণালয় কোন বেসরকারী প্রতিষ্ঠানের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের বেতন ভাতাদির সরকারি অংশের বরাদ্দ নির্দিষ্ট সময়ের জন্য সাময়িক বন্ধ, আংশিক বা সম্পূর্ণ কর্তন কিংবা বাতিল করতে পারবে।

০৬. এমতাবস্থায়, উপরে বর্ণিত অনুচ্ছেদ সমূহের আলোকে পূর্ব উত্তর কোটালীপাড়া দারুলছল্লাহ ছালেহিয়া ফাজিল মাদরাসার সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ, জনাব মোঃ আনওয়ার হোসেন খানকে মহামান্য হাইকোর্টের নির্দেশনা মোতাবেক তাঁর পূর্ণ বেতন-ভাতাদি(এমপিও) আজো বধি প্রদান না করায় ০৫ নং অনুচ্ছেদ অনুযায়ী তাঁর বিরুদ্ধে উল্লেখিত ব্যবস্থা গ্রহণ আবশ্যিক। তাঁকে (ভারপ্রাপ্ত অধ্যক্ষ) আগামী ২৯/০৭/২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে কেন তাঁর বেতন ভাতাদির সরকারি অংশ স্থগিত, কর্তন, বাতিলকরণ করা হবে না এই বিষয়ে এ অধিদপ্তরকে অবহিতের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

পূর্ব উত্তর কোটালীপাড়া দারুলছল্লাহ ছালেহিয়া ফাজিল মাদরাসা  
উপজেলা:-কোটালীপাড়া, জেলা:- গোপালগঞ্জ।



(মোঃ ফরিদ আহমেদ)  
সিনিয়র সহকারী সচিব

সহকারী পরিচালক (অডিট ও আইন)  
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে)ঃ

- ১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুলভবন(৯ম তলা), সচিবালয় লিংক রোড, ঢাকা।
- ২। জেলা শিক্ষা অফিসার, গোপালগঞ্জ (নির্দেশনা বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো)।
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা:-কোটালীপাড়া, জেলা:- গোপালগঞ্জ (নির্দেশনা বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো)।
- ৪। সভাপতি, গভর্নিং বডি, পূর্ব উত্তর কোটালীপাড়া দারুলছল্লাহ ছালেহিয়া ফাজিল মাদরাসা, উপজেলা:-কোটালীপাড়া, জেলা:- গোপালগঞ্জ (নির্দেশনা বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো)।
- ৫। জনাব মোঃ আনওয়ার হোসেন খান, অধ্যক্ষ, পূর্ব উত্তর কোটালীপাড়া দারুলছল্লাহ ছালেহিয়া ফাজিল মাদরাসা, উপজেলা:-কোটালীপাড়া, জেলা:-গোপালগঞ্জ।
- ৬। অফিস কপি।